

জরুরী বিজ্ঞপ্তি

সম্মানিত গ্রাহক বিদ্যুৎ-এর মূল্য বৃদ্ধি পাওয়ার কারণে প্রি-পেইড মিটার গ্রাহকদের টাকা রিচার্জের পর ১ম বার বাড়তি লাইন আসবে যা বিগত সময়েও বিদ্যুতের মূল্য বৃদ্ধির পর এসেছিলো।

বাড়তি লাইনগুলো কিভাবে মিটারে রিচার্জ করবেন?

১) আবাসিক গ্রাহকগণ টোকেন পাবেন ৯ অথবা ১০ টি লাইন। বাণিজ্যিক/ অন্যান্য ট্যারিফের গ্রাহকগণ টোকেন পাবেন সর্বোচ্চ ৫ টি লাইন। প্রতিটি লাইনকে মিটারের একটি করে টোকেন সিকুয়েন্স বলা হয়।

২) প্রতি ২০ টি ডিজিট/ নম্বর একটি লাইন/ টোকেন হিসেবে বিবেচিত হয়। যেমনঃ

XXXX-XXXX-XXXX-XXXX-XXXX -১ম লাইন

YYYY-YYYY-YYYY-YYYY-YYYY - ২য় লাইন

ZZZZ-ZZZZ-ZZZZ-ZZZZ-ZZZZ- ৩য় লাইন

..... ইত্যাদি।

৩) প্রতি লাইন মানে সম্পূর্ণ ২০ টি ডিজিট মিটারে ইনপুট করার পর মিটারের OK বাটন চাপ দিবেন।

যেমন- XXXX-XXXX-XXXX-XXXX-XXXX মিটারে ইনপুট করার পর মিটারের OK বাটন

(HEXING/ BSECO মিটারের ক্ষেত্রে লাল এবং INHE মিটারের ক্ষেত্রে নীল বাটন) চাপ দিবেন।

৪) মিটারে টোকেন সঠিক ভাবে ইনপুট করলে মিটার ডিসপ্লে SUCCESS দেখাবে। ভুল ইনপুট দিলে মিটার ERROR CODE দিবে। টোকেন ইনপুট করার সময় যে লাইনটি ভুল হবে শুধুমাত্র সেই লাইন থেকে পুনরায় টোকেন ইনপুট করতে হবে। পূর্বের SUCCESS হওয়া টোকেনগুলি মিটারে পুনরায় ইনপুট দেয়ার প্রয়োজন হবে না। এজন্য মিটারে টোকেন ইনপুট করানোর সময় অবশ্যই মিটারের ডিসপ্লে ভালভাবে লক্ষ্য রাখতে হবে।

৫) একইভাবে শুরু হতে শেষ পর্যন্ত সবগুলি লাইন /টোকেন মিটারে ইনপুট করার পর আপনার প্রি-পেইড মিটারটি সফলভাবে রিচার্জ হবে।

সম্মানিত গ্রাহক নতুন নিয়মে বুঝতে সমস্যা হলে ওজোপাডিকোর কল সেন্টার (১৬১১৭) -এ যোগাযোগ করুন।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)